দৈনিক ইত্তেফাক 25

তারিখ ... SEP. 09 1999 ... পৃঃ 25 কলাম 4

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর,

ঢাকা

# "তরুণ ও অপেশাদার বিজ্ঞানীদের উদ্ভাবিত প্রকল্প উন্নয়ন"

### প্রকল্পের আওতায় ১৯৯৯-২০০০ আর্থিক বছরে মেধাবী দরিদ্র উদ্ভাবক ছাত্র-ছাত্রীদের শিক্ষা বৃত্তি প্রদান

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর পরিচালিত "তরুণ ও অপেশাদার বিজ্ঞানীদের উদ্ভাবিত প্রকল্প উন্নয়ন" প্রকল্পের আওতায়।

- ৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদেরকে জুনিয়র গ্রুপে এবং একাদশ শ্রেণী ও তদূর্ধ্বে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদেরকে সিনিয়র গ্রুপে এক বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।
- বৃত্তির হার প্রতিমাসে জুনিয়র গ্রুপে ২০০/- টাকা এবং সিনিয়র গ্রুপে ৩০০/- টাকা।
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ অথবা অন্য কোন জাতীয় বা আন্তর্জাতিক বিজ্ঞান প্রদর্শনীর উদ্ভাবনীমূলক প্রকল্প প্রতিযোগিতায় অংশগ্রহণকারী মেধাবী দরিদ্র উদ্ভাবক ছাত্র-ছাত্রীরাই আবেদন করতে পারবে।

উল্লেখিত শর্তপূরণকারী আগ্রহী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে নিম্নের তথ্যাদিসহ সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।
(১) আবেদনকারীর নাম (২) পিতা/অভিভাবকের নাম (৩) ঠিকানা (৪) শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (৫) শ্রেণী ও (৬) রোল নং।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র প্রেরণ করতে হবে।

১। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ অথবা অন্য কোন জাতীয় বা আন্তর্জাতিক বিজ্ঞান প্রদর্শনীতে পুরস্কার/অংশগ্রহণের জন্য প্রদত্ত মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

২। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সত্যায়িত বিগত বার্ষিক পরীক্ষা এবং সর্বশেষ পরীক্ষা নম্বর ফর্দের (Progress Report) অনুলিপি।

৩। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত অভিভাবকের বাৎসরিক আয়ের সার্টিফিকেট।

৪। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চলতি শিক্ষা বছরে শ্রেণীকক্ষে উপস্থিতির হারসম্বলিত সার্টিফিকেট এবং সত্যায়িত এক কপি ছবি।

উল্লেখ্য, সিনিয়র গ্রুপের আবেদনকারীকে উপরোক্ত ১-৪ ক্রমিকে বর্ণিত কাগজপত্র ছাড়াও দরখাস্তের সাথে এসএসসি, এইচএসসি ডিগ্রী ইত্যাদি (স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য) পরীক্ষার নম্বর ফর্দের (Mark sheet) সত্যায়িত কপি প্রেরণ করতে হবে।

দরখাস্ত আগামী ২৭শে সেপ্টেম্বর, ১৯৯৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে।

মোঃ হাবিবুর রহমান চৌধুরী,
পরিচালক

ফোনঃ ৯১১২০৮৪, ৯১১৪১২৮

**বিজ্ঞানমনস্ক হউন, বিজ্ঞান ও প্রযুক্তির চর্চা করুন**
**সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলুন**

ডিএফপি-১৯৭৭৫-৭/৯
স-২৫৫৯(১১x২)